



লিবারেল পার্টি বাংলাদেশ
www.liberalbd.org



২৯ নভেম্বর ২০০৮ ইং

গঠনতন্ত্র-২০০৮ অনুমোদন

লিবারেল পার্টি বাংলাদেশের কমিটি পুনর্গঠন

লিবারেল পার্টি বাংলাদেশের জাতীয় স্থায়ী কমিটি/কেবিনেট এর সভায় গঠনতন্ত্র-২০০৮ অনুমোদন প্রদান করা হয়েছে। সেই মোতাবেক নতুন গঠনতন্ত্র মোতাবেক প্রেসিডেন্ট জনাব শেখ মহিউদ্দিন আহমেদ স্থায়ী কমিটি ও কেন্দ্রীয় ওয়ার্কিং কমিটি পুনর্গঠন করেছেন।

গত শুক্রবার বিকেলে পার্টির জাতীয় সদর দপ্তরে অনুষ্ঠিত স্থায়ী কমিটি/কেবিনেট এর সভায় সভাপতিত্ব করেন জনাব মিজানুর রহমান চৌধুরী। পার্টি প্রধান জনাব শেখ মহিউদ্দিন আহমেদ টেলিকনফারেন্সের মাধ্যমে সভায় অংশ গ্রহন করেন।

সভায় পার্টির নিবন্ধন না হবার প্রেক্ষিতে আসন্ন ৯ম জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহন বা কোন জোটভুক্ত না হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। নতুন গঠনতন্ত্র মোতাবেক পার্টি লিডার পদ বিলুপ্ত করে পার্টি প্রদান হিসেবে প্রেসিডেন্ট পদ চালু হবার কারণে জনাব শেখ মহিউদ্দিন আহমেদকে স্থায়ী কমিটি/কেবিনেট পার্টির প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত করে। সদ্য সাবেক প্রেসিডেন্ট জনাব আফজালুল হক সিকদারকে অব্যাহতি দিয়ে কেবিনেট সদস্য করা হয়।

প্রেসিডেন্ট জনাব শেখ মহিউদ্দিনকে কেবিনেট ও ওয়ার্কিং কমিটি পুনর্গঠনের দায়িত্ব প্রদান করা হয়।

সভায় নির্বাচন কমিশনের অসাংবিধানিক কার্যক্রমে উদ্বেগ প্রকাশ করা হয়। এবং সংস্কার ব্যতীত নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ২ বছর জাতিকে জিম্মি করার জন্য বর্তমান তত্ত্বাবধায়ক সরকারের নিন্দা জানানো হয়। সভায় অবিলম্বে জনাব শেখ মহিউদ্দিনের বিরুদ্ধে চলমান সাবেক জোট সরকারের দায়ের করা মিথ্যা মামলা প্রত্যাহারের জন্য দাবী জানানো হয়।

বার্তা প্রেরক :

তথ্য সম্পাদক

জাতীয় সদর দপ্তর

৪৩৬, বড় মগবাজার, ৪র্থ তলা, ওয়ারলেস রেলগেট, ঢাকা-১২১৭।
ফোন: ৯৩৬০৭৭৪। info@liberalbd.org web site: www.liberalbd.org